দামুড়হুদায় জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট; কুড়ালগাছি ইউনিয়ন একাদশ চ্যাম্পিয়ন

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। ফাইনাল খেলায় দর্শনা পৌরসভা একাদশ কে হারিয়ে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করেছে কুড়ালগাছি ইউনিয়ন একাদশ।

আজ মঙ্গলবার বিকেল ৪টার দিকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে ফাইনাল খেলায় মুখোমুখি মাঠে নামে দর্শনা পৌরসভা একাদশ বনাম কুড়ালগাছি ইউনিয়ন একাদশ।

খেলার নির্ধারিত সময়ে উভয় দল ২-২গোল করে এবং ২য়আর্ধে দর্শনা পৌরসভা একাদশ ১টি অফসাইড গোল করলে রেফারি গোলটি বাতিল বলে গণ্য করলে দর্শনা পৌরসভা একাদশ মাঠের মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি করে। এসময় টুর্নামেন্ট পরিচালনা কমিটি, উপজেলা প্রশাসন ও দর্শনা পৌরসভার প্যানেল মেয়র বিষয়টি সমাধানের চেষ্টা করে ব্যর্থ হয়। দর্শনা পৌরসভা একাদশের খেলোয়াড়রা মাঠ ছেড়ে বেরিয়ে যায়। পরে টুর্নামেন্ট পরিচালনা কমিটির সভাপতি ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা কুড়ুলগাছি ইউনিয়ন একাদশ কে আনুষ্ঠানিকভাবে চ্যাম্পিয়ন ঘোষণা করেন।
দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতার

সভাপতিত্বে ফাইনাল খেলার পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার পরিদর্শক (অপারেশন) সফিউল আলম, দর্শনা পৌরসভার প্যানেল মেয়র রবিউল হক সুমন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দীন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ। এসময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা শিক্ষা কর্মকর্তা সাকি সালাম, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের সিএ ফয়জুল করিম, উপজেলা একাডেমিক সুপারভাইজার

রাফিজুল ইসলাম, উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা রিয়াজুল ইসলাম ইউপি সদস্য হাসান আলী, মতিয়ার রহমান, ফরহাদ হোসেন প্রমুখ।

খেলায় রেফারির দায়িত্ব পালন করেন সৈয়দ মাসুদুর রহমান, সহকারী রেফারি ছিলেন সুবাস চন্দ্র, ইউসুফ আলী ও শহিদ আজম সদু। খেলায় ধারাভাষ্যকার ছিলেন শিক্ষক মোস্তাফিজুর রহমান, শামীম খাঁন ও জিয়া হায়দার। খেলার সার্বিক তত্বাবধানে ছিলেন টুর্নামেন্ট কমিটির সদস্য সচিব ও দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী।